

আপনার কাছে যদি DOE থেকে ধারকৃত একটি আইপ্যাড থেকে থাকে, তাহলে আপনার জন্যে আমাদের কিছু গুরুত্বপূর্ণ সর্বসাম্প্রতিক তথ্য রয়েছে। আপনার সন্তানের আইপ্যাডটি স্কুলে ফেরার পর ব্যবহারের জন্য প্রস্তুত তা নিশ্চিত করতে আপনার পদক্ষেপ গ্রহণ অপরিহার্য। স্কুলের প্রথম দিনের আর মাত্র কয়েক সপ্তাহ বাকি, এবং সকল শিক্ষার্থী প্রতি সপ্তাহে অন্তত কিছু দিন দূর থেকে বা রিমোটলি পড়ালেখা করবে। আপনার সন্তানকে এই হেমন্তে (ফল-এ) শিক্ষার জন্য তার আইপ্যাডটি প্রস্তুত করতে হবে। অনুগ্রহ করে লক্ষ্য করুন, যখন আমাদের অন্যান্য আপডেট আসবে, আমরা আপনাকে প্রতি বৃহস্পতিবার আপনাকে এবং আপনার আইপ্যাডে বার্তা পাঠাবো, এবং আমরা আপনার স্কুলকেও আপডেটগুলো সম্পর্কে অবহিত করবো।

প্রস্তুত হতে, আপনাকে **অবশ্যই:**

- **আইপ্যাড চালু (অন) করা** - কিছু আইপ্যাড পুরো গ্রীষ্মে বা সামারে চালু (অন) করা হয়নি। আমরা আপনাকে আইপ্যাডটি চার্জ ও চালু করতে অনুরোধ করছি।
- **এয়ারপ্লেন মোড (Airplane Mode) অন এবং অফ করা** - আপনার ইন্টারনেট সংযোগ পুনঃস্থাপন করতে
 1. সেটিংস দেখুন
 2. এয়ারপ্লেন মোড (Airplane Mode) বাটনটি খুঁজুন
 3. দশ সেকেন্ডের জন্য এয়ারপ্লেন মোডটি চালু (অন) করুন (বাটনটি সবুজ হয়ে যাবে)
 4. এয়ারপ্লেন মোড অফ করুন এবং আইপ্যাড ইন্টারনেটে পুনঃসংযোগ না করা পর্যন্ত অপেক্ষা করুন
 5. সংযুক্ত হবার আইকনটি আপনি স্ক্রিনের উপরে দেখতে পাবেন
 6. আপনার আইপ্যাডটি ইন্টারনেটে সংযুক্ত হয়েছে কিনা তা নিশ্চিত করতে schools.nyc.gov দেখুন - সকল DOE থেকে ধারকৃত আইপ্যাডে ইন্টারনেট সংযোগ রয়েছে।
- DOE-এর নিরাপত্তার শর্তাবলী পূরণ করে আপনার সন্তান ইন্টারনেট ব্যবহার করছে তা নিশ্চিত করতে এবং আপনার সন্তানকে নিরাপদ রাখতে **মেইন স্ক্রিনে ফিরে আসুন এবং Zscaler-এ সাইন ইন করুন।** আপনার সন্তানের [@nycstudents.net](https://nycstudents.net) অ্যাকাউন্ট আপনার প্রয়োজন হবে। আপনি সেটি পাবার পর নিম্নলিখিত নির্দেশনাগুলো অনুসরণ করুন:
 1. মেইন স্ক্রিনে Zscaler আইকনে ক্লিক করুন। আইকনে ক্লিক করার পর, সেটি আপনাকে লগইন পেইজে নিয়ে যাবে।
 2. আপনার সন্তানের @nycstudent অ্যাকাউন্ট (শুধুমাত্র শিক্ষার্থীর ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করুন, লগ ইন করতে @nycstudents অন্তর্ভুক্ত করা প্রয়োজন নেই) এন্টার করুন, এরপর “সাইন ইন” বাটন ক্লিক করুন।
 3. "allow" বাটনটিতে ক্লিক করুন এবং সংযোগ স্থাপিত হওয়ার জন্য এক মিনিট অপেক্ষা করুন, যতক্ষণ না আপনি Zscaler স্ক্রিনটি দেখছেন।
 4. যখন আপনার সংযোগ সুরক্ষিত হবে, অ্যাপটি বন্ধ করুন
 5. এতটুকুই। আপনি এখন আইপ্যাডটি সাধারণভাবে ব্যবহার করতে পারবেন।
- স্কুলের প্রথম দিনের জন্য প্রস্তুত হতে **লার্ন অ্যাট হোম অ্যাপটিতে সাইন ইন করুন**, আপনার সন্তানের জন্য (এবং আপনার জন্যেও!) শিখতে ও সহায়তায় সংযোগ পাওয়া আরো সহজ করুন, এবং আপনি আইপ্যাডে বিজ্ঞপ্তি পাবেন:
 1. আইপ্যাডের মেইন স্ক্রিনে লার্ন অ্যাট হোম আইকনটি খুঁজুন
 2. Zscaler-এ যেভাবে করছেন, সেই একই ভাবে @nycstudent অ্যাকাউন্ট ব্যবহার করে (শুধুমাত্র শিক্ষার্থীর ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করুন, লগ ইন করতে @nycstudents অন্তর্ভুক্ত করা প্রয়োজন নেই) লগ ইন করুন।
 3. লার্ন অ্যাট হোম অ্যাপ থেকে আপনার সন্তান টিচহাব (TeachHub), গুগল ক্লাসরুম (Google Classroom) এবং সহায়তা গ্রহণে (get help) প্রবেশগম্যতা পাবেন।

সুখবর!

আপনার সন্তানের আইপ্যাড এখন একটি হটস্পট যা আপনার অন্যান্য ডিভাইসগুলোকে দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য সংযোগের সুযোগ দেবে। এটি সহজ:

- সেটিংস দেখুন
- পার্সোনাল হটস্পট খুঁজুন এবং আপনাকে লগইন স্ক্রিনে নিয়ে যেতে ক্লিক করুন
- "Allow Others to Join" (অন্যদের যোগদানে অনুমতি দিন) বেছে নিন
- দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য আপনার বাড়িতে অন্যান্য শিক্ষার্থীদের ডিভাইসগুলো সংযোগের জন্য যোগ করা যাবে বরাবরের মতই, আইপ্যাডটির মতই, হটস্পটের সংযোগ শুধুমাত্র দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) কর্মকাণ্ডের জন্য ব্যবহার করা যাবে। অন্য যেকোনো অননুমোদিত ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।